


Vol. 9 | No. 2 | 1965

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ (মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ প্রভৃতির অর্থ সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত)


| | |
|---|---|
| Volume | 9 |
| Issue | 2 |
| Year | 1965 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | সাইয়েদ আবদুল হাই |
| Published online | December 16, 1965 |
| DOI | 10.62328/sp.v9i2.4 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v9i2.4 |
| Pages | 103-123 |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

Check for updates

# দর্শন ও মনোবিদ্যা পরিভাষাকোষ

(মুসলিম দর্শন ও তৎসংশ্লিষ্ট শব্দ এবং উপপদ
প্রভৃতির অর্থ সংজ্ঞা ও ব্যাখ্যা সম্বলিত)

সাইয়েদ আবদুল হাই

**Animal magnetism** ( অ্যানিম্যাল ম্যাগনেটিজ্‌ম্ )——জৈবিক বিদ্যুৎ।

**—Mind** (—মাইণ্ড )—জীব-মন, প্রাণী মন।

**—Psychology** (—সাইকলজি )—( মঃ ) প্রাণী-মনোবিদ্যা।

**Animatism** ( অ্যানিমাটিজম )—( দঃ ) প্রাণারোপবাদ। ইহা একটি অতি প্রাচীন মতবাদ। এই মতবাদ অনুসারে সকল নিষ্প্রাণ বস্তুতে প্রাণ আরোপ করা হয়।

**Animism** ( অ্যানিমিজ্‌ম্ )—(দঃ) প্রাণারোপবাদ, সর্বপ্রাণবাদ। ইহা এক প্রকার আধ্যাত্মবাদ। গ্রীক্ দার্শনিক প্লাতো ( Plato ) ও পীথাগোরাস ( Pythagoras ) কর্তৃক প্রবর্তিত দার্শনিক মতবাদ। এই মতবাদ অনুসারে সম্মিলিত একটি চৈতন্যশক্তি ওতপ্রোতভাবে বিশ্বের জীবসমূহকে রূপ, প্রাণ ও গতি প্রদান করিতেছে। দার্শনিক স্তাল ( Stall )-এর মতে এই চেতন শক্তি ও আত্মা অভিন্ন। দার্শনিক ই, বি টেলর (E. B. Tylor) উপরোক্ত সংজ্ঞাটিকে ধর্মের প্রাথমিক সংজ্ঞা হিসাবে গ্রহণ করিয়াছেন। তাঁহার 'প্রিমিটিভ কালচার' ( Primitive Culture ) নামক গ্রন্থ দ্রষ্টব্য।

**Anisometropia** (অ্যানিসোমেট্রোপিয়া)—(মঃ) (দুই চক্ষুর) দৃষ্টির অসমতা।

**An-Najat** (আন্-নাজাত)—আন-নাজাত Al-Najat দ্রষ্টব্য

**An-Nazzam** (আন্-নায্‌যাম)—আন্-নায্‌যাম। Al-Nazzam দ্রষ্টব্য।

Annihilation ( অ্যানাইহিলেশন্ )—ধ্বংস সাধন।

Annihilationism ( অ্যানাইহিলেশনিজ্ম্ )—ধ্বংস সাধনবাদ। সাধারণ ধর্মমতানুসারে পাপীরা পরকালে নরক যন্ত্রণা ভোগ করিবে। কিন্তু ধ্বংস সাধনবাদ অনুসারে মৃত্যুর সঙ্গে সঙ্গেই পাপীরা সম্পূর্ণ ধ্বংস হইয়া যাইবে, স্বর্গসুখ লাভ করিতে পারিবে না। খ্রীষ্টানদের মধ্যে উনবিংশ শতাব্দীতে ইংল্যাণ্ডের এডওয়ার্ড হোয়াইট ( Edward White ) এই মত পোষণ করিতেন।

An-Nisai ( আন্-নিসাঈ )—আন্‌নিসাঈ। একজন প্রসিদ্ধ হাদীস সংগ্রাহক। তাঁহার সংকলিত হাদীসগ্রন্থ 'সুনান' ছয়খানি সর্বাপেক্ষা প্রামাণ্য হাদীস গ্রন্থের (মিহাহ মিত্তা) একটি।

Annoyance ( অ্যানয়্যান্স্ )—বিরক্তি।

Anoetic (অ্যানোইটিক)—(দঃ) সজ্ঞা (বাস্তব অভিজ্ঞতাহীন।)

Anomaly (অ্যানম্যালি)—অনিয়ম, ব্যতিক্রম।

Anomia (অ্যানোমিয়া)—(মঃ) নাম-ভ্রান্তি। ইহা এক প্রকার মানসিক ব্যাধি। ইহাতে রোগী বহু পরিচিত জিনিসেরও নাম ভুলিয়া যায়।

Anorexia (অ্যানোরেক্‌সিয়া)—ক্ষুধাহীনতা। এই রোগে ক্ষুধা থাকে না, কিন্তু খাওয়ার স্পৃহা পুরাপুরি থাকে।

Anosmia (অ্যানস্‌মিয়া)—(মঃ) ঘ্রান-অক্ষমতা। এই রোগে রোগীর ঘ্রান লওয়ার ক্ষমতা থাকে না।

Anschauung (অ্যানচ্যঅং)—(দঃ) অভিজ্ঞতাপূর্ব জ্ঞান। জার্মান ভাষার শব্দ। জার্মান দার্শনিক ইম্যানুয়েল কাণ্ট তাঁহার ধী-বিদ্যায় (Epistemology) প্রথমে ব্যবহার করেন। ( Kant দ্রষ্টব্য )।

Anselm of Canterbary, st. ( অ্যান্‌সেলম্ অফ্ ক্যাণ্টারবারী, সেণ্ট্ ) —ক্যাণ্টারবারীর সেণ্ট অ্যান্‌সেল্‌ম। একজন বিখ্যাত খ্রীষ্টান ধর্মযাজক, দার্শনিক ও লেখক। ইতালীর আওষ্টা নামক স্থানে ১০৩৫ খ্রীঃ তাঁহার জন্ম

হয়। তিনি ১০৬০ খ্রীঃ যাজক শ্রেণীতে যোগদান করেন। ১০৯৩ খ্রীষ্টাব্দ হইতে মৃত্যু ( ১১০৯ খ্রীঃ ) পর্যন্ত ক্যান্টারবারীর আর্ক বিশপ পদে অধিষ্ঠিত ছিলেন।

An-sich ( অ্যান্-সিক্ )—স্বকীয়ভাবে, নিজেই। ( জার্মান )

Ansichtslosigkeit ( অ্যানসিক্ট্লোসিগ্কীট্ )—বাস্তবভাবে। ( জার্মান )

Antagonism ( অ্যান্ট্যাগনিজম্ )—(দঃ) বিরোধ; বিপক্ষতা। পরস্পর বিরোধী দুই শক্তির মৌলিক দ্বন্দ্বের বহিঃপ্রকাশকে দার্শনিক পরিভাষায় বিরোধ বলা হয়।

Antagonistic ( অ্যান্টাগনিস্টিক )—(যুঃ দঃ) বিরোধ, বিপক্ষ।
—muscles ( মাস্‌সেল্‌স—(মঃ) বিরোধী মাংস-পেশী।

Antecedent ( অ্যান্টিসীডেন্ট )—(যুঃ) পূর্বগ, পূর্ববর্তী, পূর্ববর্তী ঘটনা; পূর্বপদ। প্রাকল্পিক বাক্যের ( Hypothetical proposition ) প্রথম অংশ, যাহাতে সর্ত ( condition ) থাকে। প্রাকল্পিক বাক্যে যে অংশে সর্তের উল্লেখ থাকে তাহাকে পূর্বগ ও ইহার অপর অংশকে অনুগ ( consequent ) বলে। যেমন, যদি বৃষ্টি হয়, তাহা হইলে ভূমি সিক্ত হয়, এই প্রাকল্পিক বাক্যে 'যদি বৃষ্টি হয়' পূর্বগ এবং 'ভূমি সিক্ত হয়' অনুগ।

Antenna ( অ্যান্টেনা )—কীটপতঙ্গের শুঁড়।

Anthropo ( অ্যান্থ্রোপো )—নর, মানুষ।

Anthropocentric ( অ্যান্থ্রোপোসেন্ট্রিক )—নরকেন্দ্রিক। এই মতবাদ অনুসারে মানুষ সৃষ্টির কেন্দ্র, জগতের সব কিছুই মানুষের জন্যই সৃষ্ট হইয়াছে।

Anthropoid ( অ্যানথ্রোপয়িড্ )—মানবাকার; বনমানুষ।

Anthropolatry ( অ্যান্থ্রোপল্যাট্রি )—নরোপাসনা।

Anthropology ( অ্যান্থ্রোপলজি )—নৃতত্ত্ব; নৃবিদ্যা; নৃবিজ্ঞান; মানব-বিজ্ঞান। মানুষের উৎপত্তি, বিকাশ প্রভৃতি সম্বন্ধীয় বিদ্যা বা বিজ্ঞানকে

নৃতত্ত্ব বলা হয়। নৃতত্ত্বের দুইটি দিক: (১) দৈহিক ও (২) সাংস্কৃতিক। মানুষের প্রাকৃতিক ইতিহাস, অর্থাৎ দেহের ক্রমবিকাশের ইতিহাস নৃতত্ত্বের দৈহিক দিকের বিষয়বস্তু। আদি মানুষের প্রস্তরীভূত দেহাস্থি ( Fossil ), বর্তমান মানুষের দৈহিক গঠন ( Physiology ) প্রভৃতি নৃতত্ত্বের দৈহিক দিকের আলোচনার ভিত্তি। নৃতত্ত্বের সাংস্কৃতিক দিকের অপর নাম 'সমাজতত্ত্ব' ( Sociology )। অনেকের মতে মানব-সভ্যতার বিকাশধারা নৃতত্ত্বের এই সাংস্কৃতিক দিকের বিষয়বস্তু। বৃটিশ দার্শনিক হার্বার্ট স্পেন্সার ( Herbert Spencer ) এই বিজ্ঞানের নামকরণ করিয়াছেন সমাজতত্ত্ব। কিন্তু প্রকৃতপক্ষে সমাজতত্ত্বের আদি-জনক হইতেছেন মুসলিম ঐতিহাসিক ও দার্শনিক ইব্‌ন খালদুন।

Anthropometry ( অ্যান্‌থ্রোপম্যাট্রি )—নরদেহ পরিমাপ। নরদেহের বিভিন্ন অঙ্গ ও উহার ক্রিয়ার বৈজ্ঞানিক পরিমাপ।

Anthropomorphism ( অ্যান্‌থ্রোপমর্‌ফিজ্‌ম্ )—নরত্বারোপবাদ। (দঃ) এই মতবাদ অনুসারে আল্লাহ্‌কে ( ঈশ্‌-শক্তি ) মানব-সদৃশ কল্পনা করা হয়। (মঃ) প্রকৃতিক বস্তু প্রভৃতিতে মানুষের মত মনের আরোপ করা।

Anthropomorphist ( অ্যানথ্রোপমরফিস্ট্ )—নরত্বারোপী।

Anthropopathism ( অ্যানথ্রোপপ্যাথিজ্‌ম্ )—উচ্ছ্বাস—কল্পনা। প্রকৃতি বা প্রকৃতির অন্তর্গত কোন নির্জীব পদার্থে মানুষের মত ভাব-উচ্ছ্বাস কল্পনা করা।

Anthropopathy ( অ্যানথ্রোপপ্যাথি )—মানব-প্রেম।

Anticipation ( অ্যান্টিসিপেশন্ )—পূর্ব-অবধারণ; প্রত্যাশা, পূর্বাভাষ; অনুমান।

—Method (—মেথড)—(মঃ) প্রত্যাশা পদ্ধতি। মুখস্থ করার পদ্ধতি বিশেষ।

—of Experience ( —অব এক্‌স্‌পীরিয়েন্স্ )—অভিজ্ঞতার পূর্ব-অবধারণ; অভিজ্ঞতার প্রত্যাশা।

Anticipatory reactions ( অ্যান্টিসিপেটরী রিঅ্যাকৃশান্স )—(মঃ) পূর্ব-অবধারিত প্রতিক্রিয়া।
—response ( রিস্‌পন্‌স )—(মঃ)—সাড়া

Antilogism ( অ্যান্টিলগিজ্‌ম্ )—(যুঃ) বিরূপানুমান। তিনটি যৌক্তিক বাক্যের মধ্যে যদি এইরূপ সম্বন্ধ থাকে যে, যেকোন দুইটি সত্য হইলে তৃতীয়টি মিথ্যা হইবে, তাহা হইলে বাক্য তিনটির সমন্বয়কে বিরূপানুমান বলা হয়।

Antimetaphysics ( অ্যান্টিম্যাটাফিজিক্‌স্ )—(দঃ) তত্ত্ববিদ্যা বিরোধ। অজ্ঞেয়তাবাদ ( Agnesticism ) ও যৌক্তিক দৃষ্টবাদকে ( Logical Positivism ) এই আখ্যা দেওয়া হয়।

Antinomy ( অ্যান্টিনমি )—(দঃ) ভাবগত অসঙ্গতি বা বিরোধ।

Antisocial ( অ্যান্টিসোশ্যাল্ )—সমাজ-বিরোধী।

Antithesis ( অ্যান্টিথিসিস্ )—(দঃ) প্রতিপক্ষ বিরুদ্ধশক্তি। বস্তু, সমাজ বা চিন্তার কোন অবস্থা বা ব্যবস্থার মধ্যে আবির্ভূত একটি বিরুদ্ধ শক্তি।

Antitiypy (অ্যান্টিটাইপী )—বি-প্রতীক , জাতিরূপ বিরূপতা।

Anu ( অণু )—অণু [ সংস্কৃত ] কোন বস্তুর ক্ষুদ্রতম অংশ।

Anxiety ( অ্যাংজাইটি )—(মঃ) উদ্বেগ ; দুশ্চিন্তা।
—reaction ( —রিঅ্যাক্‌শান )—(মঃ) উদ্বেগ বাতিক।

A parte ante ( অ্যা-পার্টি অ্যান্টি )—পূর্বকাল। কোন বিশেষ সময়ের পূর্ববর্তী সমস্ত সময়।

A parte post ( অ্যা-পার্টি পোষ্ট )—পরবর্তী কাল। কোন বিশেষ সময়ের পরবর্তী সমস্ত সময়।

Apathia ( অ্যাপাথিয়া )—(মঃ) বেদরদী ; সমবেদনাহীন।

Apathy ( অ্যাপাথী )—(মঃ) বেদরদ, সমবেদনাহীনতা।

Apeiron ( অ্যাপিরন )—সৃষ্টিপূর্ব অনন্তকাল।

Apercu ( অ্যাপারকু )—দিব্যদৃষ্টি।

Aphasia ( অ্যাফেসিয়া )—(মঃ) বাক্-বিশৃঙ্খলা। কথা বলার বা বুঝার যে কোন প্রকার ত্রুটি এই মানসিক রোগের অন্তর্গত।

Aphemia ( অ্যাফেমিয়া )—(মঃ) বাক্ অসংলগ্নতা।

Aphonia ( অ্যাফোনিয়া )—(মঃ) বাকহীনতা। বাক-যন্ত্রের ত্রুটির জন্য কথা বলার বা কোনরূপ শব্দ উচ্চারণ করার অক্ষমতাকে বাকহীনতা বলা হয়।

Aphrasia ( অ্যাফরাসিয়া )—(মঃ) ভাষার অসংলগ্নতা।

Aphrodisiac ( অ্যাফ্রোডিসিয়াক্ )—কামোৎপাদক (ঔষধ)।

Apo- ( অ্যাপো )—(গ্রীক উপপদ)। পৃথক; আলাদা; বিতৃষ্ণা।

Apodeictic ( অ্যাপোডীক্টিক্ )—(যুঃ, দঃ) অনিবার্য, সুনিশ্চিত।

—Knowledge ( —নলেজ্ )—(দঃ) অনিবার্য জ্ঞান।

Apollonian ( অ্যাপোলোনিয়ান )—অ্যাপোলীয়; অভিজ্ঞতা-পূর্ব শিল্প জ্ঞান।

Apologetic ( অ্যাপোলোজেটিক্ )—পক্ষ সমর্থন সূচক।

Apology ( অ্যাপোলজি )—পক্ষ সমর্থন। (১) কোন পক্ষ সমর্থনের জন্য বা বুঝাইবার জন্য উক্তি বা লিপি। (২) কোনও জিনিসের নিকৃষ্ট বদ্‌লী জিনিস।

Aporetics ( অ্যাপোরেটিক্স্ )—সন্দেহবাদী (গ্রীকশব্দ-বর্তমানে অপ্রচলিত)।

Aporia ( অ্যাপোরিয়া )—তত্ত্বীয় সঙ্কট বা হেঁয়ালী।

Aposteriori (এপস্টেরিওরাই)—অভিজ্ঞতা-পর, অভিজ্ঞতা-সাপেক্ষ। (দঃ, সঃ) যে জ্ঞান অভিজ্ঞতার মাধ্যমে পাওয়া যায়, তাহা অভিজ্ঞতা, সাপেক্ষ, (যুঃ) আরোহী যুক্তি।

**Apparent** ( অ্যাপারেন্ট্ )—দৃশ্যমান, আপাতঃ, প্রতীয়মান।

**Appearance** ( অ্যাপীয়ার‍্যান্স্ )—(দঃ) অবভাস, প্রতীয়মান সত্তা বাহ্যরূপ।

**Apperception** ( অ্যাপার্‌সেপশান্ )—(মঃ) সংপ্রত্যক্ষ, আত্মদর্শন।

**Appetite** ( অ্যাপিটাইট্ )—(মঃ) অভাব-বোধ ( শারীরিক )।
**—behaviour** ( —বিহেভিয়ার )—(মঃ) অভাবী আচরণ, অভাবোধক।

**Appetition** ( অ্যাপিটিশান্ )—(মঃ) অভাব।

**Appetitive** ( অ্যাপিটিটিভ )—(মঃ) অভাববোধ উদ্রেকী।

**Application** ( অ্যাপ্লিকেশান্ )—প্রয়োগ, প্রযোজ্য বস্তু।

**Applied Psychology** ( অ্যাপ্লায়েড্ সাইকলজি )—(মঃ) ফলিত মনোবিদ্যা ; ব্যবহারিক মনোবিদ্যা। মনোবিদ্যায় তত্ত্ব-লব্ধ জ্ঞান ব্যবহারিক ক্ষেত্রে প্রয়োগ করাকে ফলিত মনোবিদ্যা বলে। ব্যবহারিক ক্ষেত্র অনুসারে ফলিত মনোবিদ্যার বিভিন্ন বিভাগ আছে, যেমন, শিক্ষা মনোবিদ্যা, চিকিৎসা মনোবিদ্যা ইত্যাদি।

**Appreciation** ( অ্যাপ্রীসিয়েশন্ )—উপলব্ধি। গুণের যথোচিত বিচার।

**Apprehend** ( অ্যাপ্রিহেণ্ড )—(মঃ) উপলব্ধি করা, অনুমান করা।

**Apprehension** ( অ্যাপ্রিহেন্‌শান্ )—(মঃ) বোধশক্তি, বোধ।

**Apprehension span** ( —স্প্যান )—(মঃ) বোধ পরিধি।

**A Priori** (আ প্রাইওরাই)—অভিজ্ঞতা-নিরপেক্ষ। (দঃ, মঃ) বাস্তব অভিজ্ঞতা ছাড়া শুধুমাত্র আত্মপ্রত্যয় লব্ধ জ্ঞান। ( যু ) আরোহী যুক্তি

**Aptitude** ( অ্যাপ্‌টিচিউড )—(মঃ) প্রবণতা, যোগ্যতা।

**A. Q.** (এ. কিউ)—(মঃ) সম্পাদন মাত্রা। Accomplishment বা Achievement Quotient এর সংক্ষেপ। Accomplishment Quotient দ্রষ্টব্য।

**Aqiqa** ( আকীকা )—( আরবী ) আকীকা, নামকরণ উৎসবের কোরবানী।

Aql (আক্‌ল)—(আরবী) আক্‌ল, আক্কেল, বুদ্ধি; যুক্তি। (১) মুসলিম দর্শনের জ্ঞানের অন্যতম উৎস। অন্যান্য উৎস হইল নাক্‌ল ও কাশ্‌ফ। (২) আত্মার বিভিন্ন বৃত্তি বা স্তর।

Aqueduct of sylvius (অ্যাকুইডাক্‌ট্‌ অব সিলভিয়াস্) -সিলভিয়াসের নালিফা। গুরু মস্তিকের পশ্চাতে আড়া আড়ি ভাবে বিন্যস্ত নালিফা বা চির।

Aqueous humor (অ্যাকুয়াস হিউমার্‌)—চক্ষুর জলীয় পদার্থ।

Aquinas, Thomas (অ্যাকুইনাস, টমাস)—টমাস অ্যাকুইনাস। টমাস অ্যাকুইনাস (১২২৫-১২৭৪ খ্রীঃ) একজন বিখ্যাত খ্রীষ্টান ধর্মতত্ত্ববিদ ও দার্শনিক ছিলেন। তিনি ইতালীতে জন্মগ্রহণ করেন এবং পরে ফ্রান্সে অধ্যয়ন ও অধ্যাপনা করেন। তিনি বহু মূল্যবান পুস্তক রচনা করেন তন্মধ্যে Surma Contra Gentiles ও Surma Theologica সমধিক প্রসিদ্ধ। অ্যাকুইনাসের উপর আল্‌-গায়ালীর প্র ভাব খুবই সুস্পষ্ট।

Aquo (অ্যাকুও)—হইতে, উৎস। (লাতিন)

Arabian Philosophy (অ্যারাবিয়ান ফিলজফী)—আরবীয় দর্শন। মুসলিম দর্শন বা ইসলামী দর্শনকে অনেকেই এই নামে অভিহিত করেন। তাঁহাদের যুক্তি হইল এই যে উক্ত দর্শন সর্ব প্রথম ও বহুলাংশে আরবী ভাষায় লিখিত বলিয়া ইহাকে আরবী দর্শন নামে অভিহিত করা উচিত। [Muslim Philosophy দ্রষ্টব্য]

Araconoid (অ্যারাকনয়েড)—মধ্য ঝিল্লি। মস্তিষ্ক ও মেরুরজ্জুর তিনটি ঝিল্লির মধ্যটিকে মধ্য ঝিল্লি বলা হয়।

Arcadia (আরকাডিয়া)—সুখশান্তিময়স্থান; গ্রীসের প্রদেশ বিশেষ।

Arcadic (আরকাডিক)—সুখ-শান্তিময়।

Arcanum (আরকেনাম্‌)—গুপ্তরহস্য।

Arcesilaus ( আর্কেসিলস ) আর্কেসিলস ( ৩১৫—২৪১ খ্রীষ্টপূর্ব ) একজন গ্রীক দার্শনিক ছিলেন। তিনি পরবর্তী জীবনে প্লাতোর আকাদেমীর প্রধান নির্বাচিত হন। নরমপন্থী সন্দেহবাদের প্রবর্তক হিসাবে তিনি সমধিক পরিচিত।

Archaic ( আর্কেয়িক্ )—প্রাচীন ; অপ্রচলিত।

Archaism ( আর্কইজ্ম )—অপ্রচলিত শব্দ, প্রাচীন প্রয়োগ,—ব্যবহার।

Arche ( আর্কে )—প্রথম কারণ।

Archeology ( আর্কিওলজি )—প্রত্নতত্ত্ববিদ্যা।

Archetypal ( আর্কিটাইপ্যাল )—মূল-আদর্শী ; মূল আদর্শ সম্বন্ধীয়।

Archetype ( আর্কিটাইপ্ )—মূল-আদর্শ।

Arete ( অ্যারিট )—(গ্রীঃ) গুণ।

Aretology ( অ্যারেটোলজি )—গুণ বিজ্ঞান।

Argument ( আর্গিউমেন্ট )—(যুঃ) যুক্তি, হেতুবাদ ; বাদানুবাদ।
—of function ( —অব ফাংশান )—অপেক্ষক যুক্তি।
—afortiori ( —অ্যাফরটিওরি )—প্রবলতর যুক্তি।

Argumentum ad beculum ( আর্গিউমেন্টাম অ্যাড বেকুলাম )—(যুঃ) বলপ্রয়োগ দোষ। ইহাকে প্রকৃত যুক্তি বলা চলে না। ইহাতে গায়ের জোরে প্রতিপক্ষকে পরাস্ত করার চেষ্টা করা হয়।
—ad hominem ( —অ্যাড হোমিনেম )—(যুঃ) নিন্দাদোষ। এইরূপ যুক্তিতে প্রকৃত বিষয়ের আলোচনা না করিয়া প্রতিপক্ষের ব্যক্তিগত নিন্দা করা হয়।

—Ad ignorantiam ( —অ্যাড ইগনোরেনসিয়াম )—(যুঃ) অজ্ঞান দোষ। এইরূপ যুক্তিতে বিষয়টি প্রমাণ করার চেষ্টা না করিয়া উহা অপ্রমাণ করার ভার বিপক্ষের উপর চাপাইয়া দেওয়া হয়। বিপক্ষের অজ্ঞানতার সুযোগ লইয়া নিজের কথা প্রমাণ করার চেষ্টা করা হয় বলিয়া এইরূপ যুক্তিকে অজ্ঞান দোষ বলা হয়।

—ad judicium (—অ্যাড জুডিসিয়াম)—(যুঃ) কাণ্ডজ্ঞান ভিত্তিক যুক্তি। এইরূপ যুক্তি প্রকৃত যুক্তির উপর নির্ভর না করিয়া সাধারণ জ্ঞান ও জনমতের উপর নির্ভর করে।

—ad misericordiam (—অ্যাড মিজারিকরডিয়াম)—(যুঃ) কৃপা উদ্রেক দোষ। ইহাতে যুক্তি প্রয়োগ না করিয়া প্রতিপক্ষের কৃপাউদ্রেক করিয়া কার্য সিদ্ধি করার চেষ্টা করা হয়।

—ad populum (—অ্যাড পপুলাম)—(যুঃ) উচ্ছ্বাস দোষ; আবেগ দোষ। ইহাতে প্রকৃত যুক্তি প্রয়োগ না করিয়া প্রতিপক্ষ বা শ্রোতাদিগের ভাবাবেগ উদ্রেক করার চেষ্টা করা হয়।

Argumentum ad rem (—অ্যাড রেম)—(যুঃ) সঠিক যুক্তি।

—ad Verecundiam (—অ্যাড ভেরিকুন্‌ডিয়াম)—(যুঃ) অন্ধ-বিশ্বাস দোষ। এইরূপ যুক্তিতে সঠিক যুক্তির পরিবর্তে আপ্তবাক্যের **(Authority)** দোহাই দেওয়া হয়।

—ex concesso (—একস্‌ কন্‌সেসো)—(যু) স্বীকৃত সত্য নির্ভরশীল যুক্তি। এইরূপ যুক্তিতে বিষয়টি প্রমাণ না করিয়া প্রতিপক্ষের স্বীকৃত কোন সত্যের সহিত উহার সম্বন্ধ দেখান হয়।

Aridity (অ্যারিডিটি)—(দঃ) শুষ্কতা। (ধর্মীয় অর্থে)।

**Arif** (আরিফ)—(আরবী) জ্ঞানী, আল্লাহ্‌র জ্ঞানপ্রাপ্ত ব্যক্তি।

Aristippus of cyrene (অ্যারিসটিপাস অব্‌ সীরীণ)—(নীঃ) সীরীণের আরিসটিপাস। আরিস্‌টিপাস (৪৩৫—৩৬৬ খ্রীষ্ট পূর্ব) গ্রীক সোফিষ্ট দলের একজন দার্শনিক ছিলেন। পরে তিনি সক্রেটিসের শিষ্যত্ব গ্রহণ করেন। গ্রীক দর্শনে সুখবাদের প্রবর্তক হিসাবে তাঁহার নাম সমধিক প্রসিদ্ধ।

—the younger (—দি ইয়ংগার)—ছোট আরিসটিপাস। সীরীণের আরিসটিপাসের পৌত্রকে ছোট আরিসটিপাস বলা হয়। পিতামহের মত তিনিও একজন দার্শনিক ছিলেন। মনোবিদ্যার দিকে তাঁহার সমধিক অনুরক্তি ছিল। তিনি মনের সহিত শরীরের সম্বন্ধ বিষয়ে একখানি মূল্যবান পুস্তক প্রণয়ন করেন।

**Aristobulus** ( অ্যারিসটোবুলাস )—অ্যারিসটোবুলাস। খ্রীষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দীর একজন গ্রীক দার্শনিক। তিনি ইহুদী ধর্মের সহিত গ্রীক দর্শনের যোগাযোগ স্থাপনের চেষ্টা করেন।

**Aristocracy** ( অ্যারিস্টোক্রাসি )—অভিজাত-তন্ত্র; অভিজাত সম্প্রদায়। মেধা ও পদ মর্যাদায় সর্বশ্রেষ্ঠ জনগণকে অভিজাত সম্প্রদায় বলা হয়। যে দেশে বা রাষ্ট্রে অভিজাত সম্প্রদায়ের শাসন বিরাজমান তাহাকে অভিজাততন্ত্র বলে।

**Aristocrat** ( অ্যারিস্টক্র্যাট্ )—অভিজাত-ব্যক্তি।

**Aristotle** ( অ্যারিস্‌টোট্‌ল্ )—আরিস্‌টোট্‌ল, আরিস্‌তোতল, আরিসতো-তালিস্; আরাস্ত। আরিসতোতল বিশ্বের সর্বকালের সর্বদেশের দার্শনিকদিগের মধ্যে একজন অন্যতম শ্রেষ্ঠ দার্শনিক হিসাবে পরিগণিত। তিনি খৃষ্টপূর্ব ৩৮৪ অব্দে এথেন্সের স্থাগিয়া নামক স্থানে জন্ম গ্রহণ করেন। খৃষ্টপূর্ব ৩৪৩ অব্দে তিনি ম্যাসিডনের রাজা ফিলিপ-এর আমন্ত্রণে তাহার পুত্র আলেকজাণ্ডারের শিক্ষার-ভার গ্রহণ করেন এবং খৃষ্টপূর্ব ৩৩৫ অব্দ পর্যন্ত এই কার্যে নিযুক্ত থাকিয়া পরে এথেন্সে ফিরিয়া যান। সেখানে তিনি তাঁহার শিক্ষক ও গুরু প্লাতোর ( Plato ) অনুকরণে 'পেরিপাতোস' ( Peripatos ) নামে একটি দার্শনিক বিদ্যালয় স্থাপন করেন। খৃষ্টপূর্ব ৩২২ অব্দে তিনি মৃত্যুমুখে পতিত হন। আরিসতোতল্‌কে 'বিজ্ঞ ব্যক্তিদের শিক্ষক' আখ্যা দেওয়া হইয়া থাকে। তিনি যুক্তিবিদ্যা, দর্শন, নীতিশাস্ত্র, রাজনীতি এমন কি সৌন্দর্য বা রুচিবোধ সম্বন্ধেও পুস্তক রচনা করিয়া গিয়াছেন। বর্তমানকালের বিভিন্ন বিষয়ের বহু চিন্তাধারা আরিস্‌তোতলের চিন্তা-ধারার উপর ভিত্তি করিয়া গড়িয়া উঠিয়াছে।

**Aristotelian Philosophy** ( অ্যারিস্‌টোটেলিয়ান ফিলজফী )—(দঃ) আরিসতোলীয় দর্শন। আরিসতোতলের মতে বস্তু ও ভাব এই উভয়ের সমন্বয়ের ভিত্তিতেই সবকিছুর সৃষ্টি। সকল পদার্থের অস্তিত্ব উহাদের বস্তুগত, রূপগত; অবস্থাগত ও গতি সম্বন্ধীয় কারণ সমূহের দ্বারা স্থিরিকৃত হয়।

Aristotelionism ( অ্যারিসটোটেলিয়ানিজ্‌ম্ )—(দঃ) আরিস্‌তোতলবাদ আরিস্‌তোতলের দর্শন। Aristotelion Philosophy দ্রষ্টব্য।

Aristotle's dictum ( অ্যারিসটোটল্‌স্ ডিক্‌টাম্ )—(মঃ) আরিস্‌তোতলের মূল-সূত্র। Aristotles এর Dictum বা মূল সূত্রকে Dictum de amnifet Nullo বা Dictum ( i. e. rule ) of all and none অর্থাৎ পূর্ণ ও শূণ্য সম্পর্কিত নিয়ম বলাহয়। বিভিন্ন যুক্তিবিদ এই সূত্রটিকে বিভিন্নভাবে ব্যক্ত করিয়াছেন। Whately ইহাকে নিম্নোক্তরূপে বিবৃত করিয়াছেন : "কোন ব্যাপ্ত ( distributed ) পদ সম্পর্কে যাহা বিবৃত ( স্বীকার বা অস্বীকার ) করা হয়, তাহা সেই পদ-বাচক যে কোন বস্তু সম্পর্কে বিবৃত করা যায়।" Mill সূত্রটি নিম্নোক্তভাবে ব্যক্ত করিয়াছেন : "কোন শ্রেণী সম্পর্কে যাহা বিবৃত ( স্বীকার বা অস্বীকার ) করা যায়, তাহা ঐ শ্রেণীর অন্তর্গত প্রত্যেক বস্তু সম্পর্কে বিবৃত করা হয়।

Aristotle's illusion ( অ্যারিস্‌টোট্‌লস্ ইলিউশান )—(মঃ) আরিস্তোতলের ভ্রান্ত প্রত্যক্ষ। হাতের দুইটি আঙ্গুল আড়া আড়ি ভাবে লইয়া তাহার মধ্যে একটি গোলাকার পদার্থ স্থাপন করিলে দুইটি পদার্থের স্পর্শ পাওয়া যায়। এই ভ্রান্ত-প্রত্যক্ষ আরিস্তোতল কর্তৃক আবিষ্কৃত বলিয়া ইহাকে আরিস্তোতলের ভ্রান্ত-প্রত্যক্ষ বলা হয়।

Arithmatic ( এরিথ্‌মেটিক্ )—সংখ্যাবিজ্ঞান, পাটীগণিত।

Arithmatical ( এরিথ্‌ম্যাটিক্যাল )—গাণিতিক, পাটীগণিত বিষয়ক।

—mean (—মীন )—গাণিতিক মধ্যক।

Arkan ( আরকান্ )—( আরবী ) স্তম্ভ সমূহ পারিভাষিক অর্থে, ইসলাম-ধর্মের স্তম্ভস্বরূপ কার্যসমূহ, যেমন কলিমা, নামাজ, রোজা,হাজ্জ ও যাকাতকে ইসলামের আরকান বলা হয়।

Aromatic ( অ্যারম্যাটিক )—(মঃ) সুগন্ধি ; মসলাযুক্ত।

Array ( অ্যারে )—শ্রেণীবদ্ধ করিয়া রাখা।

Ar-Razi, Abu Bakr (আররাজী, অবূ বাক্‌র)—আবুবকর আররাযী Abu Bakr—Razi দ্রষ্টব্য।

—, Fakhruddin (—, ফখরুদ্দীন)—ফখরুদ্দীন আর রাযী। ফখরুদ্দীন আর রাযী মুতাকাল্লিম সম্প্রদায়ের একজন প্রধান মনীষী ছিলেন। তাঁহার রচিত বহু মূল্যবান গ্রন্থ আছে তন্মধ্যে কুরআন মজীদের তফসীর (ভাষ্য) সমধিক প্রসিদ্ধ।

Art (আর্ট)—কলা, শিল্প, কর্মবিদ্যা।

Art and Science (—অণ্ড সায়েন্স্)—কলা ও বিজ্ঞান। কলা ও বিজ্ঞান জ্ঞানের দুইটি দিক।

Art of Arts (আর্ট অব আর্টস)—মহাকলা। যে কোন কলা বা বিজ্ঞানে যুক্তি বিদ্যার জ্ঞানের প্রয়োজন হয় বলিয়া যুক্তি বিদ্যাকে (Logic) মহাকলা ও মহাবিজ্ঞান (Seience of Sciences) আখ্যা দেওয়া হইয়া থাকে।

Articularsensations (আর্টিকিউল্যারসেনসেশান্‌স্)—(মঃ) সন্ধি-সংবেদন। দুই অস্থির সন্ধিস্থলের সংবেদনকে সন্ধি সংবেদন বলা হয়।

Articulation (আর্টিকিউলেশান)—(১) পরিস্ফূট উচ্চারণ; উচ্চারণের ভঙ্গী; (২) দুই অস্থির-সন্ধি।

Artificial Classifications (আর্টিফিসিয়াল ক্লাসিফিকেশান)—(যু) কৃত্রিম শ্রেণী করণ। স্বাভাবিক বা প্রাকৃতিকভাবে শ্রেণীকরণ না করিয়া কোন ব্যবহারিক প্রয়োজনের জন্য অন্যভাবে শ্রেণীকরণ করিলে তাহাকে কৃত্রিম শ্রেণীকরণ বলে।

Artistic (আর্টিস্টিক্)—শিল্পীসুলভ; সুরুচিসম্পন্ন, সুন্দর।

Ascendence (এসেডেন্স্)—(মঃ) প্রভূত্ব করার ইচ্ছা, উর্ধ গমন।

Ascendingtract (অ্যাসেডিংট্রাক্ট)—উর্ধবাহী অঞ্চল।

Ascetic (অ্যাসেটিক)—কৃচ্ছকারী, কঠোর সংযমী।

Asceticism ( অ্যাসেটিসিজম্ )—কৃচ্ছ্রসাধন, কঠোরসংযম। ধর্মানুষ্ঠানে কঠোর সংযম পালন ও উপাসনাদি করাকে কৃচ্ছ্রসাধন বলা হয়।

Asharite ( আশারাইট ) } আল্আশআরীর মতাবলম্বী বা মুতাকাল্লিম।
Ashariyya ( আশ্আরিয়া ) } Al-Ash'ari' দ্রষ্টব্য।

Aspiration ( অ্যাসপিরেশান্ )—(মঃ) আকাঙ্খা ; অভিলাষ।

—level ( —লেভেল্ )—(মঃ) আকাঙ্খার লক্ষ্য রেখা।

Assent ( অ্যাসেন্ট্ )—সম্মত হওয়া ; স্বীকার করা।

Assertion ( অ্যাসার্শান )—নিশ্চিত উক্তি ; দৃঢ়তার সহিত বলা।

Assertory proposition ( অ্যাসারটরি প্রপজিশান্ )—(যুঃ) বিবরণিক বাক্য। যে বাক্য উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যে কোন সম্বন্ধের অস্তিত্ব বিবৃত করে তাহাকে বিবরণিক বাক্য বলে। অর্থাৎ যে যে বাক্যে উদ্দেশ্য ও বিধেয়ের সম্বন্ধ তাহাদের প্রকৃতির উপর নির্ভর না করিয়া বাস্তব অভিজ্ঞতার উপর নির্ভর করে, তাহাই বিবরণিক বাক্য।

Assessment ( অ্যাসেস্মেন্ট )—(মঃ) নিরূপণ।

Assimilation ( অ্যাসিমিলেশান্ )—স্বীকরণ ; সদৃশীকরণ। কোন নূতন অভিজ্ঞতাকে উহার সদৃশ পূর্ব-অভিজ্ঞতার সহিত মিলিত করার নামই স্বীকরণ বা সদৃশীকরণ।

Assimilative illusion ( অ্যাসিমিলেটিভ ইলিউশান্ )—(মঃ) প্রসঙ্গভিত্তিক ভ্রান্ত-প্রত্যক্ষ। প্রত্যক্ষ বা ধারনা-গত-প্রসঙ্গ বা পটভূমি হইতে যেভ্রান্ত-প্রত্যক্ষের উৎপত্তি হয়, তাহাকে প্রসঙ্গ-ভিত্তিক ভ্রান্ত প্রত্যক্ষ বলা হয়।

Association ( অ্যাসোসিয়েশান্ )—(মঃ) অনুষঙ্গ, সাহচর্য।
—area (—এরিয়া )—(মঃ) অনুষঙ্গ-অঞ্চল।
—, controlled (—, কন্ট্রোলড্ )—(মঃ) সংযত ভাবানুষঙ্গ।
—, free (—, ফ্রি )—অবাধ ভাবানুষঙ্গ।

—, Laws of (—, লজ অব )—ভাবানুষঙ্গ নিয়ম। অধিকাংশ মনোবিজ্ঞানী-দের মতে ভাবানুষঙ্গ নিয়ম তিনটি ; সাদৃশ্য, বৈসাদৃশ্য ও সমসাময়িকতা।
—of ideas (—অব আইডিয়াজ )—(মঃ) ভাবানুষঙ্গ।
—Psychology (—সাইকলজি )—(মঃ) অনুষঙ্গ মনোবিদ্যা।

Associationism ( অ্যাসোসিয়েশানিজ্‌ম্ )—(মঃ) অনুষঙ্গবাদ।

Associative reflex ( অ্যাসোসিয়েটিভ রিফ্লেক্স )—(মঃ) অনুষঙ্গ প্রতিবর্ত।
—thinking (—থিঙ্কিং )—(মঃ) অনুষঙ্গী চিন্তা।
—Strength (—স্ট্রেংথ )—(মঃ)—শক্তি।

Assumption ( অ্যাসাম্প্‌শান্ )—অপ্রমাণিত ধারণা।

Astasia ( অ্যাস্‌টাসিয়া )—(মঃ) ঋজু অক্ষমতা। এই রোগে রোগী ঋজু ভাবে ( সোজাভাবে ) দাঁড়াইতে বা বসিতে পারে না, মেরুদণ্ড বাঁকিয়া যাইতে থাকে।

Asthenia ( অ্যাসথেনিয়া )—শারীরিক দৌর্বল্য।

Astika ( আস্তিক )—আস্তিক। ঈশ্বর বা শাস্ত্রে বিশ্বাসী। শাস্ত্রে বিশ্বাসী ভারতীয় দর্শন সমূহকে ( ষড়দর্শন ) সামগ্রিকভাবে আস্তিক নাম দেওয়া হয়। শাস্ত্রে অবিশ্বাসী দর্শনসমূহ ( যেমন, চার্বাক, বৌদ্ধ ও জৈন ) নাস্তিক নামে পরিচিত। Nastika দ্রষ্টব্য।

Astral body ( অ্যাস্ট্র্যাল্‌বডি )—সূক্ষ্ম শরীর।

Asymbolia ( অ্যাসিম্‌বলিয়া )—(মঃ) প্রতীক ভ্রান্তি। পূর্বের জানা প্রতীক বা লিখিত বিষয় সম্পূর্ণ ভাবে ভুলিয়া যাওয়াকে প্রতীক ভ্রান্তি বলে। ইহা এক প্রকার মানসিক রোগ।

Atavism ( অ্যাটাভিজ্‌ম্ )—পূনর্ভব। পূর্ব পুরুষদের কোন বৈশিষ্ট যখন বহু পুরুষ পরে কোন বংশধরের মধ্যে বর্তায়, তখন তাহাকে পূনর্ভব বলে।

Ataxia ( অ্যাটাক্সিয়া )—(মঃ)অ্যাটাক্‌সিয়া, আতক্রিয়া। ঐচ্ছিক ক্রিয়ার মধ্যে অসামঞ্জস্য।

Atheism ( অ্যাথিইজম্ )—(দঃ) নাস্তিকতা ; নিরীশ্বরবাদ ; অনীশ্বরবাদ। ইহার ভাষাগত অর্থ 'ঈশ্বর নাই'। ইহা একটি বস্তুবাদী দার্শনিক মতবাদ। এই মতবাদ অনুসারে ঈশ্বর বলিয়া কিছুই নাই, সুতরাং পরলোক বলিয়াও কিছুই নাই।

Atomic Philosophy ( অ্যাটমিক্ ফিলজফী )—(দঃ) আণবিক দর্শন, পরমানুবাদ। এই মত অনুসারে বিশ্বের যাবতীয় পদার্থ অনু বা পরমানুর সংমিশ্রণে গঠিত। গ্রীক দার্শনিক লিউসিপাস ( Leucippus ) এই মত অনুসারে বিশ্বের যাবতীয় পদার্থ অনু বা পরমানুর সংমিশ্রণে গঠিত। গ্রীক দার্শনিক লিউসিপাস ( Leucippus ) সর্ব প্রথম পরমানুর ধারণা করেন ও ডেমোক্রিটাস ( Democritus ) এই মতের বিশুদ্ধ ব্যাখ্যা করেন। মুসলিম দার্শনিক আশ্আরীয়াগনও এই মত পোষণ করিতেন, কিন্তু তাঁহাদের মতে পরমানুগুলির নিজস্ব কোন গুণ নাই।

Atomism ( অ্যাটমিজম্ )—পরমানুবাদ।

Atomist ( অ্যাটমিস্ট )—পরমানুবাদী। Atomic Philosophy দ্রষ্টব্য।

Atonement ( অ্যাটনমেন্ট )—প্রায়শ্চিত্ত, ক্ষতিপূরণ

Atropine ( অ্যাট্রোপিন )—অ্যাট্রোপিন, এক প্রকার বিষ।

Atrophy ( অ্যাট্রোফি )—ক্ষয়, ক্ষীণতা।
—through disuse (—থ্রু ডিস্ইউস্ )—অব্যবহার জনিত ক্ষীণতা।

Attensity ( অ্যাটেনসিটি )—(মঃ) স্পষ্ট সংবেদিতা, সংবেদনে স্পষ্টতা।

Attention ( অ্যাটেনশান )—অভিনিবেশ, মনোযোগ।

Attitude ( অ্যাটিচিউড )—মনোভাব, প্রতিন্যাশ, মানসিক ভাবসূচক অবস্থা বা সম্বন্ধ।
—Scale (—স্কেল )—(মঃ) মনোভাব মানক, প্রতিন্যাস—।

Attribute ( অ্যাট্রিবিউট )—গুণ, ধর্ম, বৈশিষ্ট্য।

Attributive ( অ্যাট্রিবিউটিফ )—গুণ বাচক, গুণ সম্বন্ধীয়।

—view (—ভিউ )—(যুঃ) গুণবাদ। এই মত অনুসারে বাক্যের উদ্দেশ্য ও বিধেয় উভয়ই জাত্যর্থ জ্ঞাপক। অর্থাৎ উদ্দেশ্য ও বিধেয় উভয়কেই জাত্যর্থের ( Connotation ) অর্থে গ্রহণ করিতে হইবে। এই মতানুযায়ী উদ্দেশ্য পদের দ্বারা জ্ঞাপিত গুণ ও বিধেয় দ্বারা জ্ঞাপিতগুণ একত্রে অবস্থান করে কিনা, বাক্য তাহাই বিবৃত করে।

Audible ( অডিবল্ )—(মঃ) শ্রবণ যোগ্য ; শ্রাব্য।

Audibility ( অডিবিলিটি )—(মঃ) শ্রবণ যোগ্যতা।

Audile ( অডাইল্ )—(মঃ) শ্রবণ প্রতিরূপ প্রবণ।

Audiometer ( অডিওমিটার )—(লঃ) শ্রবণ শক্তি পরিমাপক।

Audiovisual ( অডিও-ভিস্যুঅ্যাল )—(মঃ) শ্রবণ ও দৃষ্টি সম্বন্ধীয় ( এক-যাগে )

Audition ( অডিশান্ )—(মঃ) শ্রবণ।

Auditory ( অডিটরি )—(মঃ) শ্রবণ সম্বন্ধীয়। শ্রোতৃবর্গ ( বিশেষ্য )
—labyrinth (—ল্যাবিরিন্থ )—কানের ছিদ্র।
—localisation (—লোকালাইজেশান )—শ্রবণ নির্দেশ।
—meatus (—মীটাস্ )—কর্ণপাথ ; কর্ণছিদ্র।
—sensation (—সেনসেশন্ )—(মঃ) শ্রবণ সংবেদন।

Aufi ( আউভী )—আল-আউভী। Al Awfi দ্রষ্টব্য।

Aum ( ওম )—(সংস্কৃত) ওম, ওঁ, আদি ধ্বনি।

Aura ( অরা )—(মঃ) পূর্ব লক্ষণ, পূর্বাভাস ( বিকারের )।

Auricle, Pinna ( অরিকল্, পিনা )—কানের পাতা।

Authenticity ( অথেন্টিসিটি )—প্রামাণ্য, সত্যতা, অকৃত্রিমতা।

Authoriatarian atmosphere ( অথরিটারিয়ান অ্যাটমস্ফেয়ার ) স্বৈর-তান্ত্রিক পারিপার্শ্বিকতা।

—Personality (—পার্সোন্যালিটি )—(মঃ)—ব্যক্তিত্ব।

Authoritarianism ( অথরিটারিয়ানিজ্‌ম্ )—স্বৈরতন্ত্রবাদ, অনিয়ন্ত্রিত শাসন-বাদ। এক বা কয়েকজন লোকের স্বেচ্ছাচারী শাসন প্রতিষ্ঠান মতবাদ। এই মতবাদের সমর্থকদের মতে গণতন্ত্র রাষ্ট্রের মধ্যে অনৈক্য সৃষ্টি করে ও তাহার ফলে রাষ্ট্র দুর্বল হইয়া পড়ে। সেই জন্য রাষ্ট্রকে সংহত ও শক্তি-শালী করার জন্য নিরঙ্কুশ ক্ষমতাপ্রাপ্ত এক বা কয়েকজন লোকের শাসন প্রতিষ্ঠা করা দরকার।

Authority ( অথরিটি )—আপ্ত-বাক্য, প্রামাণিকমত,—গ্রন্থ, অধিকার।

Autistic thinking ( অটিস্‌টিক্ থিংকিং )—(মঃ) বাসনা পূরণকারী চিন্তা, খোশখেয়ালী চিন্তা।

Auto ( অটো )—(গ্রীকউপপদ) স্বতঃ, স্বীয়, নিজস্ব।

Auto-eroticism ( অটো-ইরোটিসিজ্‌ম্ ) }
Auto-erotism ( অটো-ইরোটিজম ) } স্বতঃ রতি।

Automatic ( অটোম্যাটিক )—স্বতঃ ক্রিয়।

—Action (—অ্যাক্‌শান্ )—(মঃ) স্বতঃ ক্রিয়া, স্বতঃ বৃত্ত ক্রিয়া, শরীর ক্রিয়া। আভ্যন্তরীন দৈহিক যন্ত্রগুলির কার্যকে, যেমন রক্ত চলাচল, শ্বাস-প্রশ্বাস, পরিপাক প্রভৃতি ক্রিয়াকে, স্বতঃ ক্রিয়া বলা হয়।

Automatism (অটোম্যাটিজম )—স্বয়ং ক্রিয়া, স্বয়ং চলন শক্তি।

Automatograph ( অটোম্যাটোগ্রাফ্ )—(মঃ) লিখ-গতি-পরিমাপক। লেখার সময় হাত ও বাহুর স্বতঃস্ফূর্ত গতি ( mouement ) পরিমাপের যন্ত্র বিশেষ।

Automaton ( অটোম্যাশন )—স্বয়ং-সচল।

Autonomic nervous system ( অটোনমিক্ নার্ভাস্‌সিস্‌টেম্ )—স্বতঃ ক্রিয় স্নায়ুতন্ত্র। মস্তিষ্কের নিয়ন্ত্রণ ছাড়া যে স্নায়ুতন্ত্র স্বাধীন ভাবে কার্য

করে তাহাকে স্বতঃক্রিয় স্নায়ুতন্ত্র বলে। এই স্নায়ুতন্ত্র পাকস্থলী, যকৃত, হৃদয়, ফুসফুস, গ্রন্থি, মসৃণ পেশী প্রভৃতি দৈহিক আভ্যন্তরীণ যন্ত্রগুলির উপর কার্য করে।

Autonomy ( অটোনমি )—স্বায়ত্বশাসন।
—of Ethics (—অব এথিক্স )—নীতিশাস্ত্রের শাসন।
—of the will (—অব দি উইল )—সংকল্পের শাসন।

Autopsychosis ( অটোসাইকোসিস্ )—(মঃ) আত্মকেন্দ্রিক উন্মাদনা। এই রূপ উন্মাদ রোগে রোগীর সকল ধারণা ও চিন্তা নিজকে কেন্দ্র করিয়া হইয়া থাকে। এইরূপ রোগী অপরের সম্বন্ধে বা বাহিরের সম্বন্ধে চিন্তা করিতে পারে না।

Auto-suggestion ( অটো-সাজেশান )—(মঃ) আত্মনির্দেশ, আত্ম-সম্মোহন।

Avempace ( অ্যাভেম্পেস্ )—ইবনে বাজা। ইবনে বাজার লাতিনে প্রচলিত নাম। ইবনে বাজা স্পেনের প্রথম মুসলিম দার্শনিক হিসাবে পরিগণিত। তিনি আল্-ফারাবীর দর্শন দ্বারা বিশেষ অনুপ্রাণিত হন। তিনি বহু পুস্তক রচনা করেন, তন্মধ্যে তাদবীরুল মুতাওয়াহ্হিদ ( সংসারত্যাগীর পথ প্রদর্শক—Hermit's guide ) বিশেষ উল্লেখযোগ্য। স্বতন্ত্রসত্তা মতবাদ তাঁহার প্রধান দার্শনিক অবদান। ইবনে বাজার পূর্ণনাম ছিল আবু বাকর মুহাম্মদ ইবন ইয়াহ্য়া ইবন বাজা। তিনি ১১৩৮ খ্রীষ্টাব্দে ইন্তেকাল করেন।

Average ( অ্যাভারেজ্ )—গড়, গড়পড়তা, মূল্য বা পরিমাণ।

Averroes ( অ্যাভেরোস্ )—ইব্নে রুশদ। ইব্নে রুশদের লাতিনে প্রচলিত নাম। ইবনে রুশদ স্পেনের একজন বিখ্যাত মুসলিম দার্শনিক হিসাবে পরিগণিত। ইউরোপীয় পণ্ডিতগণের মতে তিনি মুসলমানদের মধ্যে সর্বশ্রেষ্ঠ দার্শনিক। তিনি মুসলিম আইনের একজন সার্থক ভাষ্যকারও ছিলেন। ইবন রুশদ আরিস্তোতলের দার্শনিক পুস্তকাবলীর বিভিন্ন ভাষ্য রচনা করেন। তাহার মতে ধর্ম ও দর্শনের মধ্যে কোন বিরোধ নাই। তিনি এই বিষয়ে কয়েকখানি পুস্তকও রচনা করেন। ইবনে রুশদের পূর্ণ নাম ছিল আবুল

ওয়ালীদ মুহাম্মাদ ইবন আহ্‌মাদ ইবন রুশদ। তিনি ১১৯৮ খ্রীষ্টাব্দে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

Aversion ( অ্যাভারস্‌ন্ )—অত্যন্ত বিরূপ ভাব ; বিরক্তিকর, ব্যক্তি বা বস্তু।

Aversive behaviour ( অ্যাভারসিভ বিহেভিয়ার )—(মঃ) বিরূপ ক্রিয়া, —আচরণ।

Avesta ( অ্যাভেষ্টা )—আভেস্তা ( পারসী ) অগ্নি উপাসকদের ধর্মগ্রন্থ।

Avicenna ( অ্যাভিসিনা )—ইবনে সিনা। ইবনে সিনার লাতিনে প্রচলিত নাম। ইবনে সিনা একজন বিখ্যাত দার্শনিক ছিলেন। তাঁহার জ্ঞানের পরিধি ছিল খুবই ব্যাপক। তিনি একাদিক্রমে দার্শনিক, বৈজ্ঞানিক ও চিকিৎসক ছিলেন। তাঁহার লিখিত বহু সংখ্যক গ্রন্থের মধ্যে দর্শন গ্রন্থ 'আশ্‌শিফের' ও চিকিৎসাবিজ্ঞানের গ্রন্থ 'আল্‌কানুন' বিশেষ উল্লেখযোগ্য। আশ্‌শিফা অধি বিদ্যা, পদার্থ বিদ্যা ও গণিত শাস্ত্রের একখানি বিশ্বকোষ বিশেষ। তাঁহার অন্যান্য পুস্তকের মধ্যে আন্-নাজাত সমধিক প্রসিদ্ধ। ইবনে সিনা পারস্যের অধিবাসী ছিলেন। তাঁহার পূর্ণ নাম ছিল আবু আলী আল্ হুসায়ন ইবনে আবদুল্লাহ ইবন সিনা। তিনি ১০৩৭ খ্রীষ্টাব্দে ইনতিকাল করেন।

Avocation ( অ্যাভোকেশান্ )—নিবৃত্তি।

Avoidance learning ( অ্যাভয়ড্যান্স্ লার্নিং )—(মঃ) ভীতিপ্রসূত শিক্ষা, শাস্তি এড়াইবার জন্য যে শিক্ষা করা হয়, তাহাই ভীতিপ্রসূত শিক্ষা।

—training (—ট্রেনিং )—(মঃ) ভীতি মাধ্যম শিক্ষণ। শাস্তির ভয় দেখাইয়া যে শিক্ষা করান হয়, তাহাকে ভীতি মাধ্যম শিক্ষণ বলা হয়।

Awareness ( অ্যাওয়ারনেস্ )—(মঃ) অবগতি, সচেতনতা।

Awe ( অ )—ভক্তিপ্রযুক্ত ভয় ; প্রগাঢ়ভক্তি।

Awfi ( আউফী )—আল-আউফী Alawfi দ্রষ্টব্য।

**Axiology** ( অ্যাক্সিওলজি )—(দঃ) মান-বিদ্যা; মূল্য-বিদ্যা। যে বিদ্যা বা বিজ্ঞানে মান বা মূল্য সম্বন্ধে আলোচনা করা হয় তাহাই মানবিদ্যা বা মূল্যবিদ্যা। দার্শনিক দৃষ্টিভঙ্গিতে সত্য, সুন্দর ও মঙ্গল এই তিনটি হইল প্রধান মান বা মূল্য।

**Axiological Ethics** ( অ্যাক্সিওলজিকেল এথিক্স )—(নীঃ) মানবিচারী নীতি-বিদ্যা, চরমকল্যাণ সাপেক্ষ নীতিবিদ্যা। যে নীতিবিদ্যায় নৈতিক বাধ্য-বাধকতার ধারণা চরম কল্যাণের ( Summum bonum ) ধারণার উপর নির্ভর করে তাহাকে মানবিচারী নীতিবিদ্যা বলা হয়।

**—Realism** ( —রিয়ালিজম )—(দঃ) মানবিচারী-বাস্তববাদ। যে সকল বাস্তববাদী দর্শনে মান বা মূল্যের স্বতন্ত্র অস্তিত্বের ( মানবমনের বাহিরে ) স্বীকার করে, তাহাকে মানবিচারী বাস্তববাদ আখ্যা দেওয়া হয়।

**Axiom** ( অ্যাক্সিঅম্—অ্যাক্সাম )—স্বতঃসিদ্ধ। যে সার্বিক বাক্যের কোন প্রমাণের প্রয়োজন হয় না, যাহা বিনা প্রমাণেই গ্রহণ করা হয়, তাহাকে স্বতঃসিদ্ধ বলে। যেমন, যুক্তিবিদ্যার অভেদাত্মক নিয়ম, বিরোধ বাধক নিয়ম প্রভৃতি।

**Axiomatic** ( অ্যাক্সিওম্যাটিক্ )—স্বতঃসিদ্ধ (বিশেষণ), স্বতঃসিদ্ধ-সম্বন্ধীয় ; স্বতঃসিদ্ধ সত্য সম্বন্ধীয়।

**—Method** ( —মেথড )—স্বতঃসিদ্ধ প্রণালী। স্বতঃসিদ্ধ হইতে অবরোহ প্রণালীতে অনুমান করার পদ্ধতি।

**Axon** ( অ্যাক্সন )—(মঃ) অ্যাকসন, স্নায়ুকোষ লাঙ্গুল। এক স্নায়ুকোষ হইতে অন্য স্নায়ুকোষে স্নায়ু উদ্দীপনা চলাচলের জন্য স্নায়ুকোষে যে লাঙ্গুলের মত তন্তু থাকে তাহাকে অ্যাকসন বলে।

**Ayat** ( আয়াত )—(আরবী) চিহ্ন, কোরান শরীফের বাক্য।

**Azan** ( আযান )—আযান। Adhan দ্রষ্টব্য।

**Az-zamakhshari** ( আয্যামাখশারী )—আয্যামাখশারী। Al-zamakh-shari দ্রষ্টব্য।